শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# পার্বতীপুর উপজেলা পরিষদের অক্টোবর, ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ১১/১০/২০২৩ খ্রি.
সময় : সকাল-১০.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর'কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ

উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর গত ২০/০৯/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর তিনি উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনযোগ্য বিষয়াদি আলোচনা করেন এবং ১৭টি উপ-কমিটির সভার কার্যবিবরণী পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক) আইন-শৃঙ্খলা সংক্রান্তঃ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, আসন্ন দুর্গাপূজা উপলক্ষে পার্বতীপুর উপজেলার ১৫০ টি দুর্গাপূজা মন্ডপে আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাগণ আইন-শৃঙ্খলা রক্ষার্থে দায়িত্ব পালন করবেন; (২) আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে অত্র উপজেলার ১৮ জন আনসার-ভিডিপি সদস্য ২১ দিন মেয়াদি অস্ত্রসহ প্রশিক্ষণ সম্পন্ন করেছেন; (৩) অত্র উপজেলার ১৮ টি স্থাপনায় অঙ্গীভূত আনসার ও ভিডিপি সদস্যদের ডিউটি স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার পার্বতীপুর, দিনাজপুর |
| খ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্তঃ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর সভায় জানান যে,<br>(i) (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুরের সরকারি গাড়ি নিরাপদে রাখার জন্য উপজেলা পরিষদ চত্বরে নির্মিত গাড়ির গ্যারেজ মেরামতের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ে কাজটি বাস্তবায়নের বিষয়ে ১৪/০১/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের জানুয়ারি'২১ মাসের মাসিক সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর হতে ১১/০৩/২০২১ খ্রি. তারিখের ২৫০ নং স্মারকে প্রস্তাব প্রেরণ করা হলে স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ২৪/০৩/২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০২৩.১৬-২৪৯ নং স্মারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে =৫,৭৪,২৬৬/- টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে 'উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের জিপ গাড়ি গ্যারেজ মেরামত' কাজটি বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়।<br>(খ) পার্বতীপুর উপজেলা পরিষদ চত্বরে আগত সেবাপ্রার্থীদের শৌচ কাজের সুবিধার্থে উপজেলা পরিষদের অভ্যন্তরে গণশৌচাগার নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ে কাজটি বাস্তবায়নের বিষয়ে ১৪/০১/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের জানুয়ারি'২১ মাসের মাসিক সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর হতে ১১/০৩/২০২১ খ্রি. তারিখের ২৫৩ নং স্মারকে প্রস্তাব প্রেরণ করা হলে স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ০৪/০৫/২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০২৩.১৬-৩৩৯ নং স্মারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে =১২,০০,০০০/- টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে 'উপজেলা পরিষদের অভ্যন্তরে গণশৌচাগার নির্মাণ' কাজটি বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়।<br>কিন্তু তৎকালীন সময়ে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ সংকুলান না হওয়ায় উপর্যুক্ত প্রকল্প ০২ (দুই)টি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বর্তমানে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ স্থিতি আছে। তাই জনস্বার্থে প্রকল্প ০২ (দুই)টি জরুরিভিত্তিতে বাস্তবায়নের বিষয়টি তিনি সভায় উপস্থাপন করেন। | (i) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো।<br>(ii) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জানুয়ারি'২১ মাসের সর্বসম্মত সিদ্ধান্ত, স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন ও উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে বর্তমানে পর্যাপ্ত অর্থ স্থিতি থাকায় জনস্বার্থে নিম্নোক্ত প্রকল্প ০২ (দুই)টি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে কোটেশন আহবানের মাধ্যমে জরুরিভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**প্রকল্প-১:** পার্বতীপুর উপজেলা পরিষদ চত্বরে স্থাপিত উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের জিপ গাড়ি গ্যারেজ মেরামত=৫,৭৪,২৬৬/- টাকা;<br>**প্রকল্প-২:**<br>(ক) পার্বতীপুর উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনের পিছনের ওয়াশব্লক মেরামত, ওয়াশব্লকে যাতায়াতের জন্য রাস্তা নির্মাণ এবং ইউ.পি চেয়ারম্যানগণের ব্যবহারের জন্য টয়লেট নির্মাণ =৬,০০,০০০/- টাকা;<br>(খ) পার্বতীপুর উপজেলা পরিষদের পুরাতন হলরুমের পিছনে ওয়াশব্লক নির্মাণ =৬,০০,০০০/- টাকা। | ১। উপজেলা নির্বাহী অফিসার পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর |



CamScanner

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| (ii) উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর সভায় জানান যে, পার্বতীপুর উপজেলা পরিষদের পুরাতন ইউটিডিসি ভবন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয় মেরামতসহ রং করা অতীব প্রয়োজন। ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসা-বাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে বর্ণিত অফিসসমূহ মেরামতসহ রংকরণের বিষয়টি তিনি সভায় উপস্থাপন করেন।<br>(iii) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর সভায় জানান যে, (ক) স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ০৮/০৪/২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০২৩.১৬-২৮৯ নম্বর স্মারকমূলে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিম্নবর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে: (১) উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুরের ধারে রাস্তা আরসিসি ও আরসিসি প্যালাসাইডিং বসার সিট নির্মাণ (অংশ-১), প্রাক্কলিত মূল্য =৯,৯০,৫০০/- টাকা; (২) উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুরের ধারে রাস্তা আরসিসি ও আরসিসি প্যালাসাইডিং বসার সিট নির্মাণ (অংশ-২), প্রাক্কলিত মূল্য =৯,৯০,৫০০/- টাকা, সর্বমোট =১৯,৮১,০০০/- টাকা। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ সংকুলান না থাকায় উক্ত টাকা সম্পূর্ণ অব্যয়িত থাকে; (খ) স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ২৯/০৩/২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০২৩.১৬-২৬৯ নম্বর স্মারকমূলে পার্বতীপুর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিম্নবর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে: (১) উপজেলা পরিষদের অভ্যন্তরের পুকুরের প্যালাসাইডিংকরণ (অংশ-১), প্রাক্কলিত ব্যয় =৯,৯০,৫০০/- টাকা; (২) উপজেলা পরিষদের অভ্যন্তরের পুকুরের প্যালাসাইডিংকরণ (অংশ-২), প্রাক্কলিত ব্যয় =৯,৯০,৫০০/- টাকা; (৩) উপজেলা পরিষদের অভ্যন্তরের পুকুরের প্যালাসাইডিংকরণ (অংশ-৩), প্রাক্কলিত ব্যয় =৯,৯০,৫০০/- টাকা; সর্বমোট =২৯,৭১,৫০০/- টাকা। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ সংকুলান না থাকায় উক্ত টাকার মধ্যে ইতোপূর্বে =২৩,৯৭,৭০২/- টাকার উন্নয়ন কাজ করা হয়। অবশিষ্ট আছে =(২৯,৭১,৫০০-২৩,৯৭,৭০২)=৫,৭৩,৭৯৮/- টাকা। অর্থাৎ মোট =(১৯,৮১,০০০+৫,৭৩,৭৯৮)=২৫,৫৪,৭৯৮/- টাকা বরাদ্দের প্রশাসনিক অনুমোদন অবশিষ্ট রয়েছে; (গ) বর্তমানে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিম্নবর্ণিত ০৪ (চার) টি কাজ চলমান রয়েছে-(১) পার্বতীপুর উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনের সামনের পুকুরের গাইডওয়াল ও পুকুরের ঘাটলা নির্মাণ, প্রাক্কলিত ব্যয় =১৯,৭২,৩৪৬/- টাকা; (২) উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত পুকুরের চারপার্শ্বে ফুটপাত নির্মাণ, প্রাক্কলিত ব্যয় =৪৮,৯০,৫১৯/- টাকা; (৩) উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা প্রশস্তকরণসহ মেরামত কাজ, প্রাক্কলিত ব্যয় =৪৯,৯০,০০০/- টাকা; (৪) উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রশাসনিক ভবনের সামনে আরসিসি রাস্তা নির্মাণ, প্রাক্কলিত ব্যয় =৪৯,৫০,০০০/- টাকা; মোট-০৪ (চার) টি কাজের প্রাক্কলিত ব্যয় =১,৬৮,০২,৮৬৫/- টাকা, যা ৫% নিম্নদরে দরপত্র দাখিল হওয়ায় প্রকাশ্য লটারিতে ৫% নিম্নদরে বর্ণিত ০৪ টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়, এতে মোট চুক্তি মূল্য দাঁড়ায় =১,৫৯,৬২,৭২১.৭০/- টাকা, সাশ্রয় রয়েছে =৮,৪০,১৪৩.৩০/- টাকা, সাশ্রয়কৃত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ করা যেতে পারে। ইতোপূর্বে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উন্নয়নমূলক কাজের জন্য প্রশাসনিক কাজের অনুমোদন অবশিষ্ট রয়েছে =২৫,৫৪,৭৯৮/- টাকা, বর্তমানে ৫% নিম্নদরে সাশ্রয়কৃত টাকা রয়েছে =৮,৪০,১৪৩.৩০/- টাকা, অর্থাৎ উন্নয়ন প্রকল্পের অনুকূলে ব্যয় করা যাবে =(২৫,৫৪,৭৯৮+৮,৪০,১৪৩.৩০)=৩৩,৯৪,৯৪১.৩০/- টাকা; (ঘ) যেহেতু দরপত্রসমূহ ৫% নিম্নদরে দাখিল হয় সেহেতু ৫% নিম্নদরের টাকা ধরে =৩৫,৭৩,৬২২.৪২/- টাকার প্রকল্প গ্রহণ করা যেতে পারে। বর্তমানে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থের সংকুলান থাকায় জনগুরুত্বপূর্ণ দিক বিবেচনাপূর্বক নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য তিনি সভায় উপস্থাপন করেন। প্রকল্পের নাম-(১) পার্বতীপুর উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের পিছনে পুকুরের গাইডওয়াল নির্মাণ (উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাংলো সংলগ্ন); (২) পার্বতীপুর উপজেলা পরিষদের ব্যানবেইস অফিসের সামনে আরসিসি রাস্তা নির্মাণ; (৩) উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন স্থানে বসার বেঞ্চ নির্মাণ; (৪) উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা ও ফুটপাতে স্ট্রিট/গার্ডেন লাইট স্থাপন; (৫) নতুন প্রশাসনিক ভবনের সামনে পুকুরে ঘাটলায় টাইলসকরণ কাজ। | (iii) সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসা-বাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে নিম্নোক্ত ০২ (দুই)টি প্রকল্প নিম্নবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>প্রকল্পের নাম-(১) পার্বতীপুর উপজেলা পরিষদের পুরাতন ইউটিডিসি অফিস ভবন মেরামতসহ রংকরণ=২,০০,০০০/- টাকা;<br>**প্রকল্প কমিটি**<br>১) মোঃ একরামুল হক, প্যানেল চেয়ারম্যান, ৩নং ইউপি — প্রকল্প চেয়ারম্যান<br>২) মোঃ শফিকুল ইসলাম, ৩নং ইউপি সদস্য — প্রকল্প সেক্রেটারি<br>৩) মোঃ আকতার হোসেন, ৩নং ইউপি সদস্য — প্রকল্প সদস্য<br>৪) মোঃ আব্দুর রব প্রামানিক, উপজেলা সমবায় কর্মকর্তা — প্রকল্প সদস্য<br>৫) মোঃ আবুল কালাম আজাদ, উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা — প্রকল্প সদস্য<br>৬) মোঃ আনিসুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা — প্রকল্প সদস্য<br>৭) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা — প্রকল্প সদস্য<br>প্রকল্পের নাম-(২) পার্বতীপুর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয় রংকরণ=১,০০,০০০/- টাকা<br>**প্রকল্প কমিটি**<br>১) মোঃ শফিকুল ইসলাম, ইউপি সদস্য — প্রকল্প চেয়ারম্যান<br>২) মোছাঃ জোসনারা বেগম, ৩নং ইউপি সদস্যা — প্রকল্প সেক্রেটারি<br>৩) খন্দঃ শাকিনা বিনতে শরীফ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা — প্রকল্প সদস্য<br>৪) মোঃ আমিনুর রহমান, উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা — প্রকল্প সদস্য<br>৫) মোঃ একরামুল হক, প্যানেল চেয়ারম্যান, ৩নং ইউপি — প্রকল্প সদস্য<br>৬) মোঃ শফিকুল ইসলাম, ৩নং ইউপি সদস্য — প্রকল্প সদস্য<br>৭) মোঃ আবুল কালাম, সমাজসেবক — প্রকল্প সদস্য<br>(iv) সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থের সংকুলান ও আলোচ্য বিষয়ের বর্ণনামতে স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন থাকায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে =৩৫,৭৩,৬২২.৪২/- টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে নিম্নবর্ণিত প্রকল্পগুলো ইজিপি পদ্ধতিতে দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>**প্রকল্পের নাম:**<br>(১) পার্বতীপুর উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের পিছনে পুকুরের গাইডওয়াল নির্মাণ (উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাংলো সংলগ্ন);<br>(২) পার্বতীপুর উপজেলা পরিষদের ব্যানবেইস অফিসের সামনে আরসিসি রাস্তা নির্মাণ;<br>(৩) উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন স্থানে বসার বেঞ্চ নির্মাণ;<br>(৪) উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা ও ফুটপাতে স্ট্রিট/গার্ডেন লাইট স্থাপন;<br>(৫) নতুন প্রশাসনিক ভবনের সামনে পুকুরে ঘাটলায় টাইলসকরণ কাজ;<br>মোট প্রাক্কলিত ব্যয় =৩৫,৭৩,৬২২.৪২/- টাকা। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর<br><br>২। উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি<br>পার্বতীপুর, দিনাজপুর |

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (iv) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর সভায় জানান যে, পার্বতীপুর উপজেলা পরিষদ চত্বরে পানির লাইনের পাইপ নষ্ট হওয়ায় উপজেলা পরিষদ চত্বরে বাসা-বাড়ি ও অফিসে পানি ব্যবহারের ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। সমস্যাটি নিরসনে ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর মহোদয়ের মৌখিক নির্দেশনামতে ২.০০ (দুই) লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে: "উপজেলা পরিষদ চত্বরে পানির পাম্প মেশিন হতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হয়ে উপজেলা ভূমি অফিস পর্যন্ত পানির লাইন মেরামত কাজ =২,০০,০০০/- টাকা।" | (V) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর পানির লাইন মেরামত খাত হতে নিম্নবর্ণিত প্রকল্পটি প্রকল্প কমিটির মাধ্যমে জরুরিভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>"উপজেলা পরিষদ চত্বরে পানির পাম্প মেশিন হতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হয়ে উপজেলা ভূমি অফিস পর্যন্ত পানির লাইন মেরামত কাজ =২,০০,০০০/- টাকা।"<br>**প্রকল্প কমিটি**<br>১। মোঃ একরামুল হক, প্যানেল চেয়ারম্যান, ৩নং ইউ.পি — প্রকল্প চেয়ারম্যান<br>২। মোঃ শফিকুল ইসলাম, ৩নং ইউ.পি সদস্য — প্রকল্প সদস্য<br>৩। মোছাঃ জোসনারা বেগম, ৩নং ইউ.পি সদস্যা — প্রকল্প সদস্য<br>৪। মোঃ আবুল কালাম আজাদ, গণ্যমান্য ব্যক্তি — প্রকল্প সদস্য<br>৫। মোঃ শফিকুল ইসলাম, সমাজসেবক — প্রকল্প সদস্য<br>৬। মোঃ মনছুর আলী, শিক্ষক — প্রকল্প সদস্য<br>৭। মোঃ সাদিকুল ইসলাম, ইমাম — প্রকল্প সদস্য | ১। উপজেলা নির্বাহী অফিসার পার্বতীপুর, দিনাজপুর<br><br>২। উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর |
| গ) কৃষি ও সেচ সংক্রান্তঃ | উপজেলা কৃষি অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, (১) ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় সরিষা, গম, ভূট্টা, সূর্য্যমুখী, শীতকালীন পেঁয়াজ ও মুগডাল এর বরাদ্দ পাওয়া গেছে। এ বছর রবি মৌসুমের জন্য সরিষা-৪,৪৪০ জন, গম-৯০০ জন, ভূট্টা-১,০২০ জন, সূর্য্যমুখী-১৫০ জন, শীতকালীন পেঁয়াজ-৫০ জন ও মুগডাল-৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে। প্রকৃত কৃষকদের মাঝে সার ও বীজ বিতরণের লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধিগণের সহযোগিতা কামনা করেন; (২) রোপা আমন ধান কর্তনে কম্বাইন হারভেস্টারের ব্যবহার বৃদ্ধির জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। কম্বাইন হারভেস্টারের ব্যবহারের ফলে কৃষকদের অর্থ ও সময় উভয়ই সাশ্রয় হয় এবং তেল জাতীয় ফসল সরিষার উৎপাদনে ভূমিকা রাখে। এ কাজে স্থানীয় জনপ্রতিনিধিসহ সকলের সহযোগিতা কামনা করেন; (৩) চলতি বোরো আমন ক্ষেতে পোকামাকড় ও রোগবালাই এর আক্রমণ রোধে বিপিএইচ ও ব্লাস্ট রোগ দমনের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণের মাধ্যমে কৃষকদের মাঝে ১৫,০০০ লিফলেট বিতরণ করা হয়। কৃষকদের প্রতিনিয়ত পরামর্শ প্রদানসহ উঠান বৈঠকের মাধ্যমে সচেতন করা হচ্ছে। এ বিষয়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | ১। উপজেলা কৃষি অফিসার পার্বতীপুর, দিনাজপুর<br><br>২। ইউপি চেয়ারম্যান (সকল) পার্বতীপুর, দিনাজপুর |
| ঘ) প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্তঃ | উপজেলা শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, (১) ২০২৪ সালে বিনামূল্যে বিতরণের জন্য প্রথম শ্রেণির ১০,৬০০ সেট, চতুর্থ শ্রেণির ১০,০০০ সেট ও পঞ্চম শ্রেণির ৯,৭৫০ সেট বই পাওয়া গেছে। বইগুলো উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর মহোদয়ের পরামর্শক্রমে ফুলকুঁড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অব্যবহৃত শ্রেণিকক্ষে সংরক্ষণ করা হয়েছে। বইগুলোর নিরাপত্তার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এবং উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর মহোদয়ের সদয় নির্দেশনামতে অত্র উপজেলায় বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত দপ্তরী-কাম-নৈশ প্রহরীদের মধ্যে ০৩ দিন করে প্রতি ০৩ জনকে পাহারার দায়িত্ব দেয়া হয়েছে; (২) শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির নিমিত্ত শিক্ষাক্রম বিস্তরণ-২০২৪ এর উপর শিক্ষকদের ০৩ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে, যার বরাদ্দ ইতোমধ্যে ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, পার্বতীপুর বরাবর প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে ছাড়পত্র প্রদান করা হয়েছে; (৩) বিদ্যালয়ের শেখন-শেখানো কাজের মান বৃদ্ধির জন্য সকল সহকারী উপজেলা শিক্ষা অফিসারদের সাথে পরামর্শক্রমে কর্মপরিকল্পনা প্রণয়ন করে পরিদর্শন কার্যক্রম জোরদার করা হয়েছে; (৪) বিদ্যালয়ের অব্যবহৃত ভবন, মালামাল এবং মৃতগাছ ইত্যাদি বিধি মোতাবেক নিলাম কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার পার্বতীপুর, দিনাজপুর |
| ঙ) মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্তঃ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর সভায় জানান যে, (১) পার্বতীপুর উপজেলার স্কুল ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনলাইন এমপিও কার্যক্রম চলমান রয়েছে; (২) সরকারি নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং কার্যক্রম চলমান; (৩) শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদান কার্যক্রম চলমান; (৪) ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ ও কর্তৃপক্ষ বরাবর প্রদান করা হয়েছে; (৫) শিক্ষা জরিপ-২০২৩ কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পার্বতীপুর, দিনাজপুর |



CamScanner

<table>
<tr><th colspan="2">উপ-কমিটির নিয়মিত আলোচনা:</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>চ) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্তঃ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>i) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পার্বতীপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>ii) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সেপ্টেম্বর/২০২৩ মাসের প্রতিবেদন মোতাবেক সক্ষম দম্পতির সংখ্যা-৮৪,৭০১, পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-৬৯,১৪৮, পদ্ধতি গ্রহণকারীর হার-৮১.৬৩%। পদ্ধতিওয়ারী সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. মাসে পদ্ধতিগ্রহীতা নিম্নরূপঃ (১) স্থায়ী পদ্ধতি (মহিলা)-৪২ জন, (২) স্থায়ী পদ্ধতি (পুরুষ)-০৭ জন, (৩) আইইউডি-১২ জন, (৪) ইমপ্লান্ট-২২৩ জন, (৫) ইনজেকটেবল-১,৭৭৭ ডোজ, (৬) খাবার বড়ি-১৪,৪৮৯ সাইকেল, (৭) কনডম-১২,৫২৪ পিস, (৮) আপন-৭০১ টি। অত্র উপজেলার সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. মাসের নতুন গর্ভবতীর সংখ্যা-২৯৯ এবং উপজেলার মোট গর্ভবতীর সংখ্যা-২,৭৮৭। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের স্বাভাবিক প্রসব সর্বমোট-৭৭, মা ও শিশু স্বাস্থ্য সেবা-স্যাটেলাই ক্লিনিক লক্ষ্যমাত্রা-৪৮, অর্জন-৪৮।</td><td>(i) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো।<br>ii) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো।</td><td>১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর</td></tr>
<tr><td>ছ) যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্তঃ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। তিনি সভায় জানান যে, সেপ্টেম্বর, ২০২৩ মাসের কার্যক্রম নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিষয়</th><th>বিবরণ</th></tr>
<tr><td>০১</td><td>মূল ঋণ তহবিল প্রাপ্ত</td><td>৪৫,৩৮,৮০০/-</td></tr>
<tr><td>০২</td><td>মুনাফা অর্জিত</td><td>৩৩,৩৫,৫৫৬/-</td></tr>
<tr><td>০৩</td><td>চলতি মাসের ঋণ বিতরণ</td><td>--</td></tr>
<tr><td>০৪</td><td>চলতি মাসে আদায়যোগ্য</td><td>১,৫২,৯৫০/-</td></tr>
<tr><td>০৫</td><td>চলতি মাসে আদায়কৃত</td><td>২,২৪,১০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>চলতি অর্থবছরে ঋণ বিতরণ</td><td>১১,৪০,০০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ</td><td>২,৯১,৬০,৯০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়যোগ্য</td><td>২,৫০,১৫,৪৯২/-</td></tr>
<tr><td>০৯</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়কৃত</td><td>২,১৭,৭১,২২৮/-</td></tr>
<tr><td>১০</td><td>কিস্তি খেলাপী</td><td>৩,৬৬,০৫৪/-</td></tr>
<tr><td>১১</td><td>ঋণ খেলাপী</td><td>২৮,৭৮,২১/-</td></tr>
<tr><td>১২</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়ের হার</td><td>৮৭%</td></tr>
<tr><td>১৩</td><td>চলতি মাসের প্রশিক্ষণার্থীর সংখ্যা অপ্রাতিষ্ঠানিক)</td><td>০০ (জন)</td></tr>
<tr><td>১৪</td><td>ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণার্থীর সংখ্যা (অপ্রাতিষ্ঠানিক)</td><td>১০,৪৪২ (জন)</td></tr>
<tr><td>১৫</td><td>ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণার্থীর সংখ্যা (প্রাতিষ্ঠানিক)</td><td>৫১৮ (জন)</td></tr>
<tr><td>১৬</td><td>ক্রমপুঞ্জিভূত আত্মকর্মীর সংখ্যা</td><td>৬,৩২৪ (জন)</td></tr>
<tr><td>১৭</td><td>তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা</td><td>৪৪ টি</td></tr>
<tr><td>১৮</td><td>নিবন্ধনকৃত/স্বীকৃত যুব সংগঠনের সংখ্যা</td><td>৪৬ টি</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর</td></tr>
</table>

CamScanner

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| জ) মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্তঃ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুর সভায় জানান যে, (১) ভিডাব্লিউবি কর্মসূচির মাধ্যমে খাদ্যশস্য বিতরণের নিমিত্ত সঞ্চয় ২২০/- টাকার ব্যাংক রশিদ জমা নিয়ে খাদ্যশস্য বিতরণ করার জন্য অনুরোধ জানান। খাদ্যশস্য বিতরণে সংশ্লিষ্ট ১০ টি ইউনিয়নের ট্যাগ অফিসার'কে ধন্যবাদ জানান। ৩নং রামপুর ইউনিয়নে ০১ (এক) জন উপকারভোগী মারা যাওয়ায় ০১ জনের বরাদ্দ কম দিয়ে ডিও জারি করা হয়েছে। উল্লেখ্য যে, ভাতাভোগী নির্বাচন হওয়ার ০৬ মাসের মধ্যে মারা গেলে সংশোধন করা যায়। কিন্তু ০৬ মাসের বেশি হওয়ায় সংশোধন করা সম্ভব হয়নি; (২) মা ও শিশু সহায়তা কর্মসূচি জুলাই/২০২৩ পর্যন্ত ইউনিয়ন প্রতি ০৬ (ছয়) জন করে বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে তালিকা চাওয়া হয়। বর্তমানে ০১নং বেলাইচন্ডি, ২নং মন্মথপুর, ৩নং রামপুর, ৪নং পলাশবাড়ী, ৫নং চন্ডিপুর, ৬নং মোমিনপুর, ৭নং মোস্তফাপুর এবং ৯নং হামিদপুর ইউনিয়ন থেকে তালিকা পাওয়া গেছে, কিন্তু ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। প্রতি মাসের ১-২০ তারিখের মধ্যে আবেদন গ্রহণ সম্পন্ন করতে হবে। প্রাপ্ত আবেদন ২০-২৫ তারিখের মধ্যে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় পৌরসভা ও ইউনিয়ন কমিটির সভা করে সভার কার্যবিবরণীসহ উপজেলা কমিটিতে প্রেরণ করতে হবে। প্রতিমাসে ২৫-৩০ তারিখের মধ্যে উপজেলা কমিটিতে চূড়ান্ত অনুমোদন দেয়া হবে। নির্ধারিত তারিখের মধ্যে তালিকা অনুমোদনের প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট পৌর মেয়র ও ইউ,পি চেয়ারম্যানদের অনুরোধ জানান। এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ মাস পর্যন্ত অনুমোদনের নির্দেশনা না থাকায় ০৩ (তিন) মাসের তালিকা অনুমোদন করা সম্ভব হচ্ছে না। পূর্ববর্তী কোন বিভাজনের বর্তমান অর্থবছরে কার্যক্রম হবে না। প্রতি মাসে ৩০ তারিখের মধ্যে ভাতাভোগী নির্বাচন চূড়ান্ত করতে হবে; (৩) বাল্যবিবাহ ও নারী-শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসের সভা করে সভার কার্যবিবরণী অত্র দপ্তরে দাখিল করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যান'কে অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | ১। মেয়র, পার্বতীপুর পৌরসভা, দিনাজপুর<br><br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর<br><br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) পার্বতীপুর, দিনাজপুর |
| ঝ) সমাজ কল্যাণ সংক্রান্তঃ | উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, (১) উপজেলা সমাজসেবা কার্যালয়, পার্বতীপুরের মাধ্যমে বাস্তবায়নাধীন বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠী ভাতা, অনগ্রসর শিক্ষা উপবৃত্তির ৩৪,০১২ জন উপকারভোগীর মধ্যে অদ্যাবধি ৩২,১৭৩ জন উপকারভোগী লাইভ ভেরিফিকেশনে উপস্থিত হয়েছেন এবং তাদের সকলের ২০২৩-২৪ অর্থবছরের প্রথম কিস্তির পেরোল প্রেরণ সম্পন্ন হয়েছে। মৃতসহ এখনো ১,৮৩৯ জন উপকারভোগী অনুপস্থিত রয়েছে। নিয়মিত তাদের সাথে মোবাইলে যোগাযোগ করা হলেও স্বল্প সংখ্যক ভাতাভোগী হাজির হলেও অধিকাংশ ভাতাভোগী হাজির হচ্ছে না বিধায় অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক তাদের পেরোল প্রেরণ করা হয়নি বা হবে না। যেহেতু বিভিন্ন ভাতার অনলাইন আবেদন কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে, তাই বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য ০৫/১০/২০২৩ খ্রি. তারিখ, রোজ: বৃহস্পতিবার সমাজসেবা অধিদপ্তরের ক্যানসার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা প্রদান কর্মসূচির আওতায় ৮০ জন রোগীর মাঝে ৪০ লক্ষ টাকার চেক প্রদান করেন বীর মুক্তিযোদ্ধা জনাব মোস্তাফিজুর রহমান, মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫ ও সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। এছাড়া ক্যাপিটেশন গ্রান্ট, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ, ভিক্ষুক পুনর্বাসন, আরএসএস, আরএমসি, দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। রোগী কল্যাণ সমিতি, প্রবেশন সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | ১। মেয়র, পার্বতীপুর পৌরসভা, দিনাজপুর<br><br>২। উপজেলা সমাজসেবা অফিসার পার্বতীপুর, দিনাজপুর<br><br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) পার্বতীপুর, দিনাজপুর |



CamScanner

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ঞ) মুক্তিযোদ্ধা সংক্রান্তঃ | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, পার্বতীপুর শাখা, দিনাজপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, পার্বতীপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ট) মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্তঃ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। (i) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , পার্বতীপুর সভায় জানান যে, (১) ২০২৩-২৪ অর্থবছরে মাঠ পর্যায়ে ১,১২০ টি গবাদিপশু ও ৩৫,০০০ টি হাঁস-মুরগীর টিকা প্রদান, ৭৭৫ টি গাভীর কৃত্রিম প্রজনন, ১৪,৫১৫ টি গবাদিপশু ও হাঁস-মুরগীর চিকিৎসা সেবা প্রদানের কাজ ধারাবাহিকভাবে চলছে; (২) উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পার্বতীপুর এর সেপ্টেম্বর, ২০২৩ মাসের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে; (১) সরকারিভাবে কৃত্রিম প্রজনন সংখ্যা-৭৭৫ টি; (২) সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ-৩২৮ টি; (৩) সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ: (অ) গবাদিপশু-১,১২০ টি, (আ) হাঁস-মুরগী-৩৫,০০০ টি; (৪) গবাদিপশুর চিকিৎসা প্রদান-২,৪৮৫ টি, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান-১২,০৩০ টি, ফ্রি-মেডিকেল ক্যাম্প-০১ টি, খামারী প্রশিক্ষণ-২০০ জন, ঘাস চাষ সম্প্রসারণ-০১ একর, দুধ উৎপাদন-২,৩২৫ মেট্রিক টন, মাংস উৎপাদন-১,২৫২ মেট্রিক টন, ডিম উৎপাদন-৪১,৫০,০০০ টি; (৫) পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরা রোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় সারা দেশের ন্যায় অত্র উপজেলায় ছাগল-ভেড়ার পিপিআর রোগের টিকা প্রদানের ক্যাম্পেইন গত ৩০/০৯/২০২৩ খ্রি. তারিখ হতে শুরু হয়েছে যা অদ্য ১২/১০/২০২৩ খ্রি. পর্যন্ত চলবে। ২০২৩-২৪ অর্থবছরে ১,২৩,০০০ টি ছাগল-ভেড়া'কে পিপিআর টিকা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br>(ii) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুর সভায় জানান যে, (১) মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ অদ্য ১২ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত মোট ২২ দিন ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ইলিশ মাছ ধরা বন্ধ থাকবে। উক্ত সময় সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। এ আইন অমান্যকারী সর্বনিম্ন ০১ বছর থেকে সর্বোচ্চ ০২ বছর পর্যন্ত সশ্রম কারাদন্ড অথবা সর্বোচ্চ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হবে। | (i) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো।<br>(ii) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,<br>পার্বতীপুর, দিনাজপুর<br>২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ঠ) পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্তঃ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও উপজেলা সমবায় অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে।<br>(i) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পার্বতীপুর সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাস পর্যন্ত ২০১০ সালের পূর্বের খেলাপি ঋণ =২৯,৯২,০০০/- টাকা আদায় হয়েছে এবং খেলাপি ঋণ আদায়ের কাজ চলমান রয়েছে।<br>(ii) উপজেলা সমবায় অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর প্রতিনিধি সভায় জানান যে, (১) আশ্রয়ণ প্রকল্পে ঋণ প্রদান করা হয়েছে =৬৯,২০,০০০/- টাকা এবং আদায় করা হয়েছে =৩৬,৩২,৯৪২/- টাকা, আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে; (২) মুজিব শতবর্ষ উপলক্ষে নিবন্ধিত প্রকল্পে সরকারি ঋণ বরাদ্দ পেলে উক্ত প্রকল্পে ঋণ কার্যক্রম চালু করা হবে; (৩) অভিযুক্ত সততা ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, পার্বতীপুরের বিরুদ্ধে সমবায় সমিতি আইন-২০০১ (সংশোধনী ২০০২ ও ২০১৩) এর ৪৯ ধারায় তদন্ত কার্যক্রম চলমান রয়েছে, তদন্ত রিপোর্টের ভিত্তিতে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও উপজেলা সমবায় অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা সমবায় অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ড) সংস্কৃতি সংক্রান্তঃ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পার্বতীপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>পার্বতীপুর, দিনাজপুর |



CamScanner

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ঢ) পরিবেশ ও বন সংক্রান্তঃ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। রেঞ্জ কর্মকর্তা, মধ্যপাড়া রেঞ্জ, পার্বতীপুর সভায় জানান যে, পার্বতীপুর উপজেলার মধ্যপাড়া রেঞ্জাধীন ২০২২-২৩ অর্থবছরে ৭০ হাজার চারা ও পূর্ববর্তী আর্থিক সনে সৃজিত বাগানে শূন্যস্থান পূরণ ও রক্ষণাবেক্ষণের জন্য প্রায় ৩০ হাজার সর্বমোট ০১ লক্ষ চারা রোপণ করা হয়। ২০২২-২৩ অর্থবছরে সদর বিটে ৭.০০ হেক্টর ও ভবানীপুর বিটে ৩.০০ হেক্টর মিশ্র প্রজাতির স্বল্পমেয়াদি বাগান এবং খাগড়াবন্দ মৌজায় টিএফএফ এর বরাদ্দ থেকে ৩য় আবর্তের ১৮.০০ হেক্টর উডলট বাগান রক্ষণাবেক্ষণ অব্যাহত রয়েছে। ২০২২-২৩ অর্থবছরে সৃজিত ৩য় আবর্তের ১৮.০০ হেক্টর উডলট বাগানে কতিপয় ভূমিদস্যু কর্তৃক ক্ষতিগ্রস্থ ৩.৫০ একর বনভূমি উদ্ধারকরত: পুলিশি সহায়তা পুনর্বনায়ন করা হয়; (২) ২০২২-২৩ অর্থবছরে মধ্যপাড়া রেঞ্জ কর্তৃক মোট =৭৭,৬৭,১৭২/- টাকা রাজস্ব জমা প্রদান করা হয়েছে; (৩) পার্বতীপুর উপজেলায় ৫৭ টি করাতকল আছে, যার ১১ টি'র বৈধ লাইসেন্স আছে। অবৈধভাবে পরিচালিত করাতকলগুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়টি তিনি সভায় উপস্থাপন করেন। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | ১। রেঞ্জ অফিসার মধ্যপাড়া রেঞ্জ পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা বন কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর |
| ণ) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্তঃ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। (i) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পার্বতীপুর সভায় জানান যে, পার্বতীপুর উপজেলার বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং কাজ এবং খাদ্যবান্ধব কর্মসূচি, ওএমএস ও ভিজিডি খাতে চাল বিতরণ চলমান। ইতোমধ্যে ভোক্তাগণের চাল ক্রয়সীমার মধ্যে রয়েছে। ভিজিডি ও ভিজিএফ এর চাল সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। ধান, চাল ও গম সংগ্রহ কার্যক্রম চলমান। খাদ্যবান্ধব কর্মসূচি, ভিজিডি ও টিসিবি এর মাধ্যমে খাদ্যশস্য সুষ্ঠুভাবে বিতরণ করা হচ্ছে।<br>(ii) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় আরও জানান যে, পার্বতীপুর উপজেলায় ৪টি খাদ্য গুদামে ১২/১০/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত মজুদের ছক নিম্নরূপ: | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক পার্বতীপুর, দিনাজপুর |

মজুদ (মেট্রিক টন)

| গুদামের নাম | আমন ধান | আতপ চাল | বোরো চাল | মোট চাল | গম | ধান | খালি বস্তা |
|---|---|---|---|---|---|---|---|
| পার্বতীপুর | ৫.০০৪ | -- | ১৮৮৫.৩৪৮ | ১৮৯০.৩৫২ | ২৫.৩১৯ | -- | -- |
| ভবানীপুর | ১.১৫১ | -- | ১২৬১.৫৪২ | ১২৬২.৬৯৩ | -- | -- | -- |
| মন্মথপুর | ১.৮৩৫ | -- | ৩২৬৯.১৯১ | ৩২৭১.০২৬ | -- | -- | -- |
| আমবাড়ী | ২৩০.০০৭ | -- | ৩৪৬৭.৪৫০ | ৩৬৯৭.৪৫৭ | -- | -- | -- |
| মোট= | ২৩৭.৯৯৭ | -- | ৯৮৮৩.৫৩১ | ১০১২১.৫২৮ | ২৫.৩১৯ | -- | -- |

বাজার দর

| ক্র: নং | পণ্য | কেজি প্রতি দর (টাকা) | |
|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত |
| ১ | চাল (মোটা) | ৪৩/- | ৪৪/- |
| ২ | চাল (মাঝারি) | ৪৮/- | ৫০/- |
| ৩ | ধান (মোটা) | ২৮/- | ২৯/- |
| ৪ | চিনি | ১২৮/- | ১৩০/- |
| ৫ | গম | ৩৫/- | ৩৮/- |
| ৬ | আটা | ৪৫/- | ৫০/- |
| ৭ | লবণ | ২২/- | ৪০/- |
| ৮ | সয়াবিন | ১৬৫/- | ১৭০/- |
| ৯ | সরিষা তেল | ২২০/- | ২৩০/- |
| ১০ | আলু | ৪৫/- | ৫০/- |

টিসিবি কার্ড সংখ্যা-৩৯,৪২৮ টি
টিসিবি খাতে চাল বিলি-১৯৭.১৪০ মেঃ টন
মোট বোরো চাল সংগ্রহ-১২৬৮০.৩১০ মেঃ টন
মোট বোরো ধান সংগ্রহ-২০১৭.০০০ মেঃ টন



CamScanner

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ত) অর্থ বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর |
| থ) জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্তঃ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুর, সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ১৩০ টি তারা নলকূপ ও ১৩০ টি সাবমার্সিবল পাম্প এর বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত পানির উৎসসমূহের স্থান নির্বাচনের কাজ চলমান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পার্বতীপুর, দিনাজপুর |
| টি, আর কাবিখা, কাবিটা সংক্রান্তঃ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পার্বতীপুর সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে ১ম পর্যায়ে বাস্তবায়নাধীন (১) অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)-তে মোট উপকারভোগী ৪,৩৯৬ জন, মোট বরাদ্দ=৭,০৩,৩৬,০০০/- টাকা, বাস্তবায়ন কাজ চলমান; (২) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-চাল)-৪১.০১৪ মেঃ টন, (কাবিখা-গম)-৪১.০১৪ মেঃ টন, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-টাকা) =৮৫,০১,১৯৯.১৮/- টাকা, বাস্তবায়ন কাজ চলমান; (৩) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর-টাকা) =৬১,২৬,৩২১.৫৫ টাকা, বাস্তবায়ন কাজ চলমান; (৪) বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সেতু/কালভার্ট নির্মাণ ০২ টি বরাদ্দ =১,৩৭,৭০,২৭৬.৮০/- টাকা, অগ্রগতি হার-১০০%; (৫) হেরিং বোন বন্ড (এইচবিবি) রাস্তা নির্মাণ-২.০০ কিঃ মিঃ, অগ্রগতি হার প্রক্রিয়াধীন; (৬) জি.আর চাল ও নগদ অর্থ যথাক্রমে =(৬.০০০+৭.০০০+০.০৩০)=১৩.০৩০ মেঃ টন, =১,৫২,০০০/- টাকা, বিতরণ অগ্রগতি হার-১০০%; (৭) ভিজিএফ উপকারভোগী ৭১,৯৫৫ জন, মোট বরাদ্দ-৭১৯.৫৫০ মেঃ টন, বিতরণ অগ্রগতি হার-১০০%; (৮) শুকনা খাবার ৩০০ প্যাকেট, বিতরণ অগ্রগতি হার-১০০%। | ২০২৩-২৪ অর্থবছরে দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের বিভিন্ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনার পর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের ইজিডিডি কর্মসূচি, কাবিখা/কাবিটা কর্মসূচি, টিআর কর্মসূচি, সেতু/কালভার্ট নির্মাণ কর্মসূচি, হেরিং বোন বন্ড রাস্তা নির্মাণ কর্মসূচি, ঢেউটিন ও গৃহনির্মাণ মঞ্জুরি বিতরণ কর্মসূচি, জিআর চাল ও নগদ অর্থ বিতরণ কর্মসূচি, ভিজিএফ বিতরণ কর্মসূচি ইত্যাদি বিভিন্ন বরাদ্দের খাতওয়ারী বরাদ্দের কর্মসূচিসমূহ সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান পার্বতীপুর, দিনাজপুর |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্তঃ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পার্বতীপুর শাখা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পার্বতীপুর শাখা'কে আহবান করা হলো। | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক পার্বতীপুর, দিনাজপুর |
| বিএমডিএ সংক্রান্তঃ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, পার্বতীপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী, বিএমডিএ, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী বিএমডিএ পার্বতীপুর, দিনাজপুর |
| বিএডিসি সংক্রান্ত | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি, পার্বতীপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি পার্বতীপুর, দিনাজপুর |
| তথ্যসেবা সংক্রান্তঃ | তথ্যসেবা কর্মকর্তা, পার্বতীপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য তথ্যসেবা কর্মকর্তা, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | তথ্যসেবা কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর |



CamScanner

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান গণের ভ্রমণ বিল সংক্রান্তঃ | জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর জুলাই/২০২৩ মাস ভ্রমণ ভাতা ০৯ দিন (৬২৫×০৯)=৫,৬২৫/- টাকা, আগস্ট/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ২০ দিন করে (৬২৫×২০) =১২,৫০০×২=২৫,০০০/- টাকা, মোট =৩০,৬২৫/- টাকা, জনাব মোঃ আমিরুল মোমেনিন, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর জুলাই/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩=২২,৫০০/- টাকা এবং জনাব রুকশানা বারী রুকু, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর জুলাই/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩ =২২,৫০০/- টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিলগুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে প্রদানের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এর জুলাই/২০২৩ মাস ভ্রমণ ভাতা ০৯ দিন (৬২৫×০৯)=৫,৬২৫/- টাকা, আগস্ট/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ২০ দিন করে (৬২৫×২০)=১২,৫০০×২=২৫,০০০/- টাকা, মোট =৩০,৬২৫/- টাকা, জনাব মোঃ আমিরুল মোমেনিন, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এর জুলাই/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩=২২,৫০০/- টাকা এবং জনাব রুকশানা বারী রুকু, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এর জুলাই/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩=২২,৫০০/- টাকা, সর্বমোট =৭৫,৬২৫/- (পঁচাত্তর হাজার ছয়শত পঁচিশ) টাকার ভ্রমণ ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার পার্বতীপুর, দিনাজপুর |
| আসবাবপত্র ক্রয় সংক্রান্তঃ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের ফাইলপত্র সুন্দরভাবে বিন্যাসের নিমিত্ত স্টিল আলমিরা, র‍্যাক, কর্মচারীদের অফিস টেবিল, কম্পিউটার চেয়ার এবং কালো হাতলওয়ালা কুশন চেয়ার জরুরিভিত্তিতে ক্রয় প্রয়োজন। উল্লেখ্য, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়াধীন স্থানীয় সরকার বিভাগের, উপজেলা-১ শাখা'র ১৬/০২/২০২০ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪. ২০১৩-২৬৪ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ) নং ক্রমিকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিষদের জন্য প্রয়োজনীয় নতুন আসবাবপত্র সর্বোচ্চ =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ক্রয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। এক্ষণে, উপজেলা পরিষদের কর্মচারীদের সুষ্ঠু অফিস ব্যবস্থাপনা ও ফাইলপত্র সুন্দরভাবে বিন্যাসের স্বার্থে প্রয়োজনীয় আসবাবপত্র জরুরিভিত্তিতে ক্রয়ের বিষয়টি তিনি সভায় উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কর্মচারীদের সুষ্ঠু অফিস ব্যবস্থাপনা ও ফাইলপত্র সুন্দরভাবে বিন্যাসের স্বার্থে "পার্বতীপুর উপজেলা পরিষদের প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়" এর জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে কোটেশন আহবানপূর্বক নিম্নোক্ত ক্রয় কমিটির মাধ্যমে জরুরিভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**ক্রয় কমিটিঃ**<br>১। উপজেলা সমাজসেবা অফিসার — আহবায়ক<br>২। সহকারী প্রকৌশলী, বিএমডিএ — সদস্য<br>৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার — সদস্য | ১। উপজেলা নির্বাহী অফিসার পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর |

০৩। অত:পর উপজেলা পরিষদের উপ-কমিটির নিয়মিত সভা আহবান ও সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর বরাবর প্রেরণের অনুরোধ জানিয়ে এবং আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২.১০.'২৩

(মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
পার্বতীপুর, দিনাজপুর
ফোনঃ ০৫৩৩৪-৭৪৪৪৬

C:\Users\UNO PBT\Desktop\Resolution\October-23.doc



CamScanner

উপজেলা পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর

স্মারক নং-০৫.৫৫.২৭৭৭.০২৫.০১.০০১.২৩-২৭(৫৫)

তারিখ : ২৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়] :

০১। মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫ এবং উপদেষ্টা, পার্বতীপুর উপজেলা পরিষদ, দিনাজপুর
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর
০৫। জেলা প্রশাসক, দিনাজপুর
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
০৮। মেয়র, পার্বতীপুর পৌরসভা, দিনাজপুর
০৯। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
১০। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
১১। সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, দিনাজপুর
১২। উপজেলা.............................................................. অফিসার, পার্বতীপুর, দিনাজপুর
১৩। চেয়ারম্যান,..............................................................ইউ.পি (সকল), পার্বতীপুর, দিনাজপুর
১৪। জনাব........................................................................., পার্বতীপুর, দিনাজপুর
১৫। অফিস কপি

১২/১০/২০২৩
(মুহাম্মদ ইসমাঈল)
উপজেলা নির্বাহী অফিসার
পার্বতীপুর, দিনাজপুর



CamScanner

## …তীপুর উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

…তারিখ ঃ ২২/১০/২০২৩ খ্রি     সময় ঃ সকাল-১০.০০ ঘটিকা

| ক্রঃ নং | পদবী | নাম | (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) স্বাক্ষর | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫, সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, পার্বতীপুর। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, এম.পি | | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ পার্বতীপুর,দিনাজপুর। | জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক | | ০১৭১২-১১১৭২৩ |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আমিরুল মোমেনিন | | ০১৯৩৭-৩৯৯৭০৮ |
| ০৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব রুকশানা বারী রুকু | অনুপস্থিত | ০১৭১৮-৬৭৫৫৭৫ |
| ০৫ | মেয়র, পার্বতীপুর পৌরসভা পার্বতীপুর,দিনাজপুর। | জনাব মোঃ আমজাদ হোসেন | | ০১৭১২-০৩৭৬২৯ |
| ০৬ | চেয়ারম্যান, ১নং বেলাইচন্ডি ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব কৃষিবিদ নুর মোহাম্মদ রাজা | | ০১৭১৫-২০৫১৫০ |
| ০৭ | চেয়ারম্যান, ২নং মন্মথপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ ওয়াদুদ আলী | | ০১৭১২-০৫৬৮৭০ |
| ০৮ | প্যানেল চেয়ারম্যান, ৩নং রামপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ একরামুল হক | | ০১৭১৮-৫৬০২১৮ |
| ০৯ | চেয়ারম্যান, ৪নং পলাশবাড়ী ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মুহাম্মদ রুহুল আমীন | | ০১৭৬৭-৪২১৩৬৯ |
| ১০ | চেয়ারম্যান, ৫নং চন্ডিপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মজিবর রহমান সরকার | | ০১৭১৬-৭৮৪৭৭১ |
| ১১ | চেয়ারম্যান, ৬নং মোমিনপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ নজরুল ইসলাম সরকার | | ০১৭১২-২২৫৪৪১ |
| ১২ | চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মতিয়ার রহমান প্রামানিক | | ০১৮৪-৮৩৮৩১৭৫ |
| ১৩ | চেয়ারম্যান, ৮নং হাবড়া ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আনিসুজ্জামান সরকার | | ০১৭৬১-৫৮৭৮১১ |
| ১৪ | চেয়ারম্যান, ৯নং হামিদপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব রেজওয়ানুল হক | | ০১৭৪২-৪১৯৩০০ |
| ১৫ | চেয়ারম্যান, ১০নং হরিরামপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মোজাহিদুল ইসলাম | | ০১৭৪০-৮৮৫২৭৭ |
| ১৬ | পৌরসভা ও ৩নং রামপুর ইউ,পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মালেকা জালাল | অনুপস্থিত | ০১৭১৮-৩৩৩৯৬০ |
| ১৭ | ১,২,৬ নং ইউ, পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মোছাঃ লিপা খাতুন | অনুপস্থিত | ০১৭৮০-৮৪৪৮৮১ |
| ১৮ | ৫,৭,৮ নং ইউ, পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মোছাঃ তাছকিনা খাতুন | অনুপস্থিত | ০১৭২২-২০০৯৪০ |

CS CamScanner

## বতীপুর উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

র তারিখ ঃ ২২/১০/২০২৩ খ্রি. — সময় ঃ সকাল-১০.০০ ঘটিকা

| ক্রঃ নং | পদবী | নাম | (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) স্বাক্ষর | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মুহাম্মদ ইসমাঈল | | ০১৭৬১-৪৯৩৫৩১ |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ডাঃ মোঃ হামদুল্লাহ | অনুপস্থিত | ০১৭০১-০০৬৯৬৩ |
| ৩. | উপজেলা কৃষি অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ রাজিব হুসাইন | | ০১৭১২-৯৫৬২৯৭ |
| ৪. | উপজেলা প্রাণী সম্পদ অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ডাঃ মোঃ মাহফুজার রহমান | | ০১৭১২-২৮৬০৯৪ |
| ৫. | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব আবু জাফর মোঃ সায়েম | | ০১৭১৯-০৩৮৮৩২ |
| ৬. | উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আহসান হাবীব | | ০১৭০৮-১৬১৬১৩ |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আশরাফুল হক প্রধান | অনুপস্থিত | ০১৭১৭-১৩৯৮২৪ |
| ৮. | উপজেলা শিক্ষা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ এনামুল হক সরকার | | ০১৭১৮-৯৩৩২৬৮ |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব আবু মুসা মোহাম্মদ হাসান | | ০১৭১৪-৫৫০৮৬৯ |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব তাপস রায় | | ০১৭৩১-৫২১৪৩৭ |
| ১১. | উপজেলা পঃ পঃ অফিসার (অঃ দাঃ) পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ জাকিরুল ইসলাম | | ০১৭১৭-৮৪৯৭২৫ |
| ১২. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব খন্দকার শাকিনা বিনতে শরীফ | | ০১৭১৮-০১৭৩২৯ |
| ১৩. | উপজেলা সমবায় অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আব্দুর রব প্রামানিক | | ০১৭১৮-৩৩০৯২৫ |
| ১৪. | উপজেলা যুব উন্নয়ন অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আনিসুর রহমান | | ০১৭১২-৬৭০৪৮৯ |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (অঃ দাঃ), পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ শফিউল ইসলাম | | ০১৭০০-৭১৭১৯০ |
| ১৬. | রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ উজ্জল হোসাইন | | ০১৭১৭-৪৭৭৪৫১ |
| ১৭. | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ আমিনুর রহমান | অনুপস্থিত | ০১৭১৮-০৪২০৪৮ |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ নাসিম হাসান | | ০১৬৪৪-৩৩২৮৪৮ |
| ১৯. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ অফিসার পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ আফান আলী | | ০১৭১৫-২৮৪৮০৩ |
| ২০. | অধ্যক্ষ, পার্বতীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ আহছান হাবিব | অনুপস্থিত | ০১৭১৬-৫০৯৪৬০ |
| ২১. | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ পার্বতীপুর শাখা, দিনাজপুর | জনাব মোকাদ্দেছ হোসেন | অনুপস্থিত | ০১৭৫৫-৫৮৪৮২১ |
| ২২. | আবাসিক প্রকৌশলী, নেসকো লিঃ পার্বতীপুর, দিনাজপুর | জনাব কাওছার আহম্মেদ খান | অনুপস্থিত | ০১৭৫৫-৫৮৪৯০৮ |
| ২৩. | ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২, পার্বতীপুর | জনাব মোঃ এহতেশামুল হক | অনুপস্থিত | ০১৭৬৯-৪০০১৪৩ |
| ২৪. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ পার্বতীপুর, দিনাজপুর | জনাব এ,কে,এম আব্দুল মঈন | | ০১৭১২-২৬৬২৩৪ |
| ২৫. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌঃ পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ নাজিম উদ্দীন সরকার | | ০১৭৩৭-১৪১১৮১ |
| ২৬. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ মোত্তালেব হোসেন | | ০১৭৯৭-৭৭৫৭৫৩ |
| ২৭. | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোসাঃ মাহামুদা খাতুন | | ০১৩০৪-৫৯৩০৮৩ |
| ২৮. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোছাঃ আফরোজা খাতুন | | ০১৭৩৩-৮৮৯২৭৯ |
| ২৯. | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF) ইউজিডিপি, পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ আখতার আহসান | | ০১৭২৭-৮৬০১৭১ |

CamScanner